



মানব পাচার ও দাসত্ব

অস্ট্রেলিয়াতে মানব পাচার ও দাসত্ব গুরুতর অপরাধ।

মানব পাচার ও দাসত্ব আইন বিরুদ্ধ।

পুরুষ বা নারী নির্বিশেষে কোনো ব্যক্তি এসব অপরাধ করলে সে কারাগারে যেতে পারে।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাপন্ন হলে **০০০** নম্বরে পুলিশকে কল করুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

আপনার বিনামূল্যে দোভাষী প্রয়োজন হলে **131 450** নম্বরে ফোন করুন।

অস্ট্রেলীয় সরকার (Australian Government) কোনো অবস্থাতেই মানব পাচার বা আধুনিক দাসত্ব সহ্য করে না।

অন্য ব্যক্তির লাভের জন্য মানুষকে শোষণমূলক পরিস্থিতিতে বাধ্য করা হলে সেটাই হলো মানব পাচার ও দাসত্ব। এটা পুরুষ, নারী এবং শিশুদের ক্ষেত্রে ঘটতে পারে। মানব পাচার এবং দাসত্বের অন্তর্ভুক্ত হতে পারে:

- আতিথেয়তা, নির্মাণ, বনায়ন, বা খনি শিল্পে অথবা কৃষিকাজে, এবং ঘনিষ্ঠ সম্পর্কের ক্ষেত্রে দাসত্ব, কৃতদাসত্ব বা বাধ্যতামূলক শ্রম;
- ঋণের বন্ধন;
- যৌন শোষণ;
- বলপূর্বক বিয়ে; অথবা
- অঙ্গ অপসারণের উদ্দেশ্যে পাচার।

মানব পাচার ও দাসত্ব হলো গুপ্ত অপরাধ।

মানব পাচার ও দাসত্ব হলো এমন অপরাধ যা শনাক্ত করা কঠিন হতে পারে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি শোষকদের কাছ থেকে প্রতিশোধ বা তাদের অভিবাসন মর্যাদা হারানোর ভয়ে সাহায্য নাও চাইতে পারে।

কোনো ব্যক্তিকে পাচার করা হচ্ছে এমন লক্ষণের অন্তর্ভুক্ত হতে পারে:

- তাকে ভয় দেখিয়ে, হুমকি দিয়ে বা জোর করে কাজ করানো হচ্ছে;
- তাকে দিয়ে অনুপযোগী কাজের পরিবেশে কাজ করানো হচ্ছে;
- তাকে বেতন দেয়া হচ্ছে না অথবা তার নিয়োগকর্তা বা তৃতীয় পক্ষের বড় অঙ্কের ঋণ পরিশোধ করা হচ্ছে বলে দেখানো হচ্ছে; অথবা
- কোনো তৃতীয় পক্ষ তাদের পাসপোর্ট বা অন্যান্য ব্যক্তিগত কাগজপত্র দখলে রেখেছে, এবং তারা চাইলে এসব কাগজপত্র পাচ্ছে না।

আপনি, অথবা আপনার পরিচিত কেউ কি ঝুঁকিতে আছে?

আপনি বা আপনার পরিচিত কেউ মানব পাচার বা দাসত্বের ঝুঁকিতে থাকলে সাহায্যের জন্য আপনি **131 237** (131AFP) নম্বরে **অস্ট্রেলীয় ফেডারেল পুলিশ** (এএফপি) (**Australian Federal Police, AFP**) এর সাথে যোগাযোগ করতে পারেন বা **AFP'র ওয়েবসাইট www.afp.gov.au**-এ যেতে পারেন। AFP আপনাকে নিরাপদে রাখতে পারে, পরামর্শ দিতে পারে এবং আবাসন, আর্থিক সহায়তা, পরামর্শ এবং আইনি ও অভিবাসন সম্পর্কিত পরামর্শ সেবার কাছে রেফার করতে পারে।

সরকার **পাচারকৃত ব্যক্তিদের কর্মসূচির জন্য সহায়তা (Support for Trafficked People Program)**-এ অর্থায়ন করে এবং পাচার বা দাসত্বের শিকার হওয়া ব্যক্তিদের সহায়তা প্রদানের জন্য তা অস্ট্রেলীয় রেড ক্রস (Australian Red Cross)-এর মাধ্যমে প্রদান করা হয়।

অস্ট্রেলিয়াতে সহায়তা করার মত অন্যান্য সেবা রয়েছে।

1800RESPECT হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's national sexual assault, family and domestic violence counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

1800 737 732 নম্বরে ফোন করুন বা **1800RESPECT** এর ওয়েবসাইট **www.1800RESPECT.org.au**-এ যান।

আপনার কি দোভাষী প্রয়োজন?

131 450 নম্বরে **অনুবাদ এবং দোভাষী সেবায়** (টিআইএস) (**Translating and Interpreting Service, TIS**) ফোন করুন। TIS-এর একজন দোভাষী আপনাকে অন্যান্য সেবার সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে, তবে TIS কোনো পরামর্শ প্রদান করে না। সমস্ত ফোন কল বিনামূল্যে করা যায় এবং সেগুলো গোপনীয় রাখা হয়।

অস্ট্রেলিয়ায় মানব পাচার ও দাসত্ব সম্পর্কে আরও তথ্য:

Support for Trafficked People Program সম্পর্কে আরও তথ্যের জন্য **www.dss.gov.au**-এ সমাজ সেবা বিভাগের ওয়েবসাইটে বা **www.redcross.org.au**-এ Australian Red Cross এর ওয়েবসাইটে যান। আপনি **national_stpp@redcross.org.au** ঠিকানায় Australian Red Cross-কে ইমেইলও করতে পারেন।

মানব পাচার ও দাসত্ব সম্পর্কিত আরও তথ্যের জন্য **www.homeaffairs.gov.au**-এ অভ্যন্তরীণ বিষয়ক বিভাগ (Department of Home Affairs) এর ওয়েবসাইটে বা **www.afp.gov.au**-এ Australian Federal Police এর ওয়েবসাইটে গিয়ে “human trafficking” (“মানব পাচার”) লিখে অনুসন্ধান করুন।